# বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ

১৪১-১৪৩, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।

নথি নং- ১৮.১১.০০০০.০৩৫.১১.০০১.২২/৩৪ তারিখ ঃ ০৬-০৭-২০২৬খ্রীঃ

## প্যানেল আইনজীবী নিয়োগ বিজ্ঞপ্তি

বিআইডব্লিউটিএ'র পক্ষে মহামান্য সুপ্রিম কোর্ট এবং ঢাকা ও নারায়ণগঞ্জস্থ নিম্ন আদালতসমূহে মামলা পরিচালনার লক্ষ্যে প্যানেল আইনজীবী নিয়োগের জন্য আবেদন পত্র আহবান করা যাচ্ছে। নিম্ন বর্ণিত শর্তাবলী যথাযথভাবে প্রতিপালনে সক্ষম প্রার্থীগণ পূর্ণ জীবন বৃত্তান্তসহ আবেদন পত্র দাখিল করতে পারবেনঃ

১। ক. মহামান্য সুপ্রিম কোর্টে বিআইডব্লিউটিএ'র প্যানেল আইনজীবী হিসেবে তালিকভুক্তির জন্য আবেদনকারীকে মহামান্য আপিল বিভাগ ও হাইকোর্ট বিভাগে আইন পেশায় প্র্যাকটিসের ন্যূনতম ০৭(সাত) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হতে হবে;

খ. নিম্ন আদালতে বিআইডব্লিউটিএ'র প্যানেল আইনজীবী হিসেবে তালিকভুক্তির জন্য আবেদনকারীকে আইন পেশায় প্র্যাকটিসের ন্যূনতম ০৭ (সাত) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হতে হবে;

বাংলাদেশের পক্ষে
বাংলাদেশ প্রতিদিন

২। আবেদনকারীকে বাংলাদেশী নাগরিক হতে হবে ;

৩। মামলা পরিচালনার জন্য কর্তৃপক্ষ কর্তৃক তিনি অনুমোদিত হারে ফি প্রাপ্য হবেন ;

৪। নিয়োগপ্রাপ্ত প্যানেল আইনজীবী বাংলাদেশের কোন আদালতে অত্র কর্তৃপক্ষের বিরুদ্ধে মামলা পরিচালনা করা এবং কর্তৃপক্ষের স্বার্থের পরিপন্থি বিষয়ে কাউকে আইনগত পরমার্শ প্রদান করতে পারবেন না;

৫। শিক্ষাগত যোগ্যতার সার্টিফিকেট, জাতীয় পরিচয়পত্র, বার কাউন্সিল কর্তৃক প্রদত্ত পেশাগত সনদপত্র, মহামান্য সুপ্রিম কোর্টের সনদপত্র, নিম্ন আদালতের সনদপত্র এবং সদ্য তোলা ০২(দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ফটোসহ আগামী ২২-০৭-২০২৬ খ্রীঃ তারিখের মধ্যে পরিচালক, এস্টেট ও আইন বিভাগ(তৃতীয় তলা), বিআইডব্লিউটিএ ভবন, ১৪১-১৪৩ মতিঝিল বা/এ, ঢাকা বরাবর আবেদন পত্র দাখিল করতে হবে।

নিয়োগের অন্যান্য শর্তাবলী এস্টেট ও আইন বিভাগ (আইন শাখা), বিআইডব্লিউটিএ হতে জানা যেতে পারে।

(এস এম শাহেদ রেজা)
পরিচালক
এস্টেট ও আইন বিভাগ
বিআইডব্লিউটিএ, ঢাকা।

জি-১০৮৯/২৬-(৭x৩)

# বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ

১৪১-১৪৩, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।

নথি নং- ১৮.৭০৮.০১১.০১.০০.০০১.১২/৩৩ তারিখ ঃ ০৬-০৭-২০২৬ খ্রীঃ

## আইন উপদেষ্টা আবশ্যক

বিআইডব্লিউটিএ'র ঢাকাস্থ প্রধান কার্যালয়ে একজন আইন উপদেষ্টা নিয়োগের লক্ষ্যে আবেদনপত্র আহবান করা যাচ্ছে। নিম্নবর্ণিত শর্তাবলী যথাযথভাবে প্রতিপালনে সক্ষম প্রার্থীগণ পূর্ণ জীবন বৃত্তান্তসহ আবেদন পত্র দাখিল করতে পারবেনঃ

১। আবেদনকারীর মহামান্য আপিল বিভাগ ও হাইকোর্ট বিভাগে আইন পেশায় প্র্যাকটিসের ন্যূনতম ১২(বার) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে;

২। আবেদনকারীকে বাংলাদেশী নাগরিক হতে হবে ;

৩। আইন উপদেষ্টাকে প্রতি কার্যদিবসে কমপক্ষে ০২ (দুই) ঘন্টা বিআইডব্লিউটিএ'র প্রধান কার্যালয়ে নিজ দপ্তরে উপস্থিত থাকতে হবে;

৪। বিআইডব্লিউটিএ'র আইন উপদেষ্টার পদ ব্যতীত তিনি অন্য কোন প্রতিষ্ঠানে আইন উপদেষ্টার পদ গ্রহণ করতে পারবেন না;

বাংলাদেশ প্রতিদিন

৫। আলাপ-আলোচনাপূর্বক আইনগত পরামর্শ ও নথি-পত্রে আইনগত মতামত প্রদান এবং সংশ্লিষ্ট অন্যান্য কাজের জন্য আইন উপদেষ্টা বিআইডব্লিউটিএ কর্তৃক অনুমোদিত হারে মাসিক রিটেইনার ফি প্রাপ্য হবেন;

৬। মামলা পরিচালনার জন্য কর্তৃপক্ষ কর্তৃক তিনি অনুমোদিত হারে ফি প্রাপ্য হবেন এবং

৭। শিক্ষাগত যোগ্যতার সার্টিফিকেট, জাতীয় পরিচয়পত্র, বার কাউন্সিল কর্তৃক প্রদত্ত পেশাগত সনদপত্র, মহামান্য সুপ্রিম কোর্টের সনদপত্র, সদ্য তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ফটোসহ আগামী ২২-০৭-২০২৬ খ্রীঃ তারিখের মধ্যে পরিচালক, এস্টেট ও আইন বিভাগ (তৃতীয় তলা), বিআইডব্লিউটিএ ভবন, ১৪১-১৪৩ মতিঝিল বা/এ, ঢাকা বরাবর আবেদন পত্র দাখিল করতে হবে।

নিয়োগের অন্যান্য শর্তাবলী বিআইডব্লিউটিএ'র এস্টেট ও আইন বিভাগের আইন শাখা হতে জানা যেতে পারে।

(এস এম শাহেদ রেজা)
পরিচালক
এস্টেট ও আইন বিভাগ
বিআইডব্লিউটিএ, ঢাকা

জি-১০৮৮/২৬ (৭X৩)